পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৩/৫৫৯১ তারিখঃ ২৭/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ

# অফিস সার্কুলার

**বিষয়ঃ চলতি ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার বেতন কাঠামো রিভিশন, বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় প্রদান ও সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে পারফরমেন্সের ধরণ অনুসারে বার্ষিক ইনক্রিমেন্ট অনুমোদন প্রসঙ্গে।**

ক. দেশের চলমান মুদ্রাস্ফীতি ও দ্রব্য মূল্যের ক্রমাগত ঊর্ধ্বগতির সঙ্গে কর্মীদের জীবনযাত্রার ব্যয় সমন্বয় সাধন, সমসাময়িক অন্যান্য এনজিও'র বেতন কাঠামোর সঙ্গে সামঞ্জস্য বিধান, অভিজ্ঞ ও দক্ষ কর্মী Hire, মাইক্রোফিন্যান্স সেক্টরে অপেক্ষাকৃত মেধাবী ও যোগ্য প্রার্থীদের ক্যারিয়ার গড়ার আগ্রহ সৃষ্টি, কর্মীদের ড্রপআউট হার নিয়ন্ত্রণ, অটোমেশন বাস্তবায়ন, স্টাফ প্রোডাক্টিভিটি বৃদ্ধির মাধ্যমে সংস্থার আয় বৃদ্ধি, কর্মীদের কর্মসন্তুষ্টি বজায় প্রভৃতি বিবেচনায় ২০/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৩৭তম সভায় চলতি ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার বেতন কাঠামো রিভিশন ও বর্তমানে কর্মরত কর্মীদের বেতন বৃদ্ধি কার্যকর করার ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

**(i)** প্রত্যেক কর্মীর বর্তমান **অর্থাৎ জুন, ২০২৩ মাস শেষে প্রাপ্ত** মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে Inflation Adjustment হিসেবে ০১/০৭/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ থেকে **২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়)** বেতন সমন্বয় প্রদান করা।

**(ii)** উপর্যুক্ত বেতন সমন্বয় প্রদান পরবর্তী বেতনের সঙ্গে স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে পারফরমেন্সের ধরণ অনুসারে **০% থেকে ২০% পর্যন্ত** বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা।

**(iii)** বর্তমান পে-স্কেল, ২০২২-২৩ রিভিউ করে গ্রেড নং I থেকে XIII পর্যন্ত প্রতিটি গ্রেডের বর্তমান যোগদান ও নিয়মিত সময়কার বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বৃদ্ধি করে পে-স্কেল পুনর্নির্ধারণ করা।

খ. পরিচালনা পর্ষদ সভার সিদ্ধান্ত ও এতদ্ সংক্রান্ত চূড়ান্ত প্রস্তাবনা অনুমোদন অনুসারে সংস্থার বেতন কাঠামো রিভিশন, বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় প্রদান ও বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত পদ্ধতি/বিষয় অনুসরণ করতে হবেঃ-

খ.১ বর্তমানে প্রচলিত পে-স্কেল, ২০২২-২৩ রিভিউ করে গ্রেড নং I থেকে XIII পর্যন্ত প্রতিটি গ্রেডের বর্তমান যোগদান ও নিয়মিত সময়কার বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্গঠন করা হয়েছে। যা **০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ** থেকে কার্যকর হবে।

খ.২ সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ের বিভিন্ন জোন / এরিয়া / ব্রাঞ্চ এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ/ ব্যবস্থাপনা ইউনিট সমূহের আওতায় বিভিন্ন পদে বর্তমানে কর্মরত নিয়মিত এবং নিয়মিত পদের বিপরীতে নিযুক্ত প্রবেশনারী / শিক্ষানবিশ (ম্যানেজমেন্ট ট্রেইনী সহ) প্রত্যেক কর্মীর বর্তমান **অর্থাৎ জুন, ২০২৩ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে (সকল প্রকার ভাতা ব্যতিত) ০১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয়** কার্যকর করা। এক্ষেত্রে জুন, ২০২৩ মাস শেষে যাদের মাসিক মোট বেতন ৩৩,৩৩৩/- (তেত্রিশ হাজার তিন শত তেত্রিশ) টাকা পর্যন্ত রয়েছে তাদের বেলায় ২,০০০/- টাকা বেতন সমন্বয় প্রযোজ্য হবে। অপরদিকে, জুন, ২০২৩ মাস শেষে যাদের মাসিক মোট বেতন ৩৩,৩৩৪/- (তেত্রিশ হাজার তিন শত চৌত্রিশ) টাকা বা এর উপরে আছে তাদের বেলায় ৬% হারে বেতন সমন্বয় প্রযোজ্য হবে।

খ.৩ উপর্যুক্ত **খ.২** এর বর্ণনার আলোকে বেতন সমন্বয় কার্যকর পরবর্তী বেতনের সঙ্গে স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে প্রযোজ্য হারে (**০% থেকে ২০% পর্যন্ত**) বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান হবে। অর্থাৎ সংশ্লিষ্ট কর্মী ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট অথবা চাকুরি নিয়মিতকরন যে মাস/তারিখে পেয়েছিলেন, চলতি ২০২৩-২৪ অর্থবছরের সে মাস/তারিখে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে প্রযোজ্য হারে (**০% থেকে ২০% পর্যন্ত**) বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবে।

উপর্যুক্ত খ.২ থেকে খ.৩ এর নিয়মানুসারে বেতন সমন্বয় ও বার্ষিক বেতন বৃদ্ধি কার্যকর করা হলে কোন কর্মী ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে বেতন সমন্বয় ও KPI মূল্যায়নের আলোকে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবেন, আবার কোন কর্মী ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে বেতন সমন্বয় সুবিধা পেলেও KPI মূল্যায়নের আলোকে প্রযোজ্য হারে বার্ষিক ইনক্রিমেন্ট পাবেন তার ইনক্রিমেন্ট কার্যকরের নির্ধারিত মাস / তারিখ থেকে।

খ.৪ বেতন কাঠামো রিভিশনের ফলে বেতন স্কেলের আওতাভুক্ত বিভিন্ন পদে ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে বা এরপর থেকে যে যেই তারিখে সংস্থায় যোগদান করেছেন বা করবেন তার বেলায় সেই যোগদানের তারিখ থেকে পরিবর্তিত পে-স্কেল অনুসারে বর্ধিত বেতন সুবিধা কার্যকর প্রযোজ্য হবে।

খ.৫ অপরদিকে, ০১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বা এরপর থেকে নতুন যোগদানকৃত কর্মীদের মধ্যে যাদের নিয়োগপত্র পুনর্গঠিত পে-স্কেল, ২০২৩-২৪ এর আলোকে প্রদান করা হবে তাদের বেলায় কোন প্রকার বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে না।

খ.৬ ইতোমধ্যে ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর করে যাদেরকে চিঠি ইস্যু করা হয়েছে তাদের বেলায় চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি পরবর্তী পদ ও বেতনের উপর ০১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় কার্যকর হবে।

খ.৭ অপরদিকে, ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের পর বিভিন্ন মাস/তারিখে যাদের চাকুরি নিয়মিত/পদোন্নতি/ পদায়ন/পদাবনতি কার্যকর করে ইতোমধ্যে চিঠি ইস্যু করা হয়েছে তাদের বেলায় চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন/ পদাবনতি পূর্ববর্তী পদ ও বেতনের সঙ্গে ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় কার্যকর হবে। আর এরপর যে মাস / তারিখ থেকে যে পদ ও বেতনে চাকুরি নিয়মিত/ পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর হয়েছে সে মাস / তারিখ থেকে পরিবর্তিত পদ ও বেতনের সঙ্গে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে। অর্থাৎ তারা চাকুরি নিয়মিত/ পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর হবার আগ পর্যন্ত পূর্ববর্তী পদ ও বেতনের সঙ্গে ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় প্রাপ্য হবে এবং চাকুরি নিয়মিত / পদোন্নতি/ পদায়ন / পদাবনতি কার্যকর হবার তারিখ থেকে পরবর্তী পদ ও বেতনের সঙ্গে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় প্রাপ্য হবে।

খ.৮ বিগত বা চলতি অর্থবছরের মধ্যবর্তী কোন সময়ে কোন কর্মীর পদোন্নতি / পদায়ন / অন্য কোনভাবে মূল্যায়িত হয়ে থাকলেও যে মাস / তারিখে উক্ত কর্মী বিগত অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হয়েছিলেন চলতি অর্থবছরের সে মাস / তারিখ অনুযায়ী চলতি ২০২৩-২৪ অর্থবছরে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে প্রযোজ্য হারে (**০% থেকে ২০% পর্যন্ত**) বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হবেন।

খ.৯ অফিস ও ছুটি ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা-২০১৪ এর ৬.৬.৬ ধারা মোতাবেক বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মী যতদিন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির বর্তমান নির্ধারিত তারিখ থেকে ততদিন পিছিয়ে দিয়ে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির পরিবর্তিত তারিখ নির্ধারণ পূর্বক এ বছরের বার্ষিক ইনক্রিমেন্ট সুবিধা প্রদান করা হবে।

খ.১০ সংস্থার নিয়মিত প্রোগ্রাম বিবেচনায় হাওর (হিজল) কর্মসূচীর আওতায় কর্মরত নিয়মিত কর্মীদের বেতন বৃদ্ধি বর্ণিত নিয়মে কার্যকর হবে।

খ.১১ সংস্থার পে-স্কেলের গ্রেড নং XIII এর আওতায় অফিস সহকারী/নিরাপত্তারক্ষী পদে পে-স্কেলের নির্ধারিত যোগদানকালীন বেতনে (১৭,০৮৫/- টাকায়) নিয়োগ প্রদান এবং চাকুরির বয়স ৬ মাস পূর্তিতে পে-স্কেলের নির্ধারিত নিয়মিত সময়কার বেতনে (১৭,৯২৩/- টাকায়) চাকুরি নিয়মিত করা হবে। **এক্ষেত্রে চাকুরি নিয়মিত না হওয়া পর্যন্ত বর্তমানে অফিস সহকারী / নিরাপত্তারক্ষী পদে যারা কর্মরত আছে তাদের প্রত্যেকের ০১/০৭/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ থেকে বেতন হবে ১৭,০৮৫/- টাকা এবং এ বেতনে উন্নীত করতে যার যে পরিমান বেতন সমন্বয় প্রয়োজন হবে তা প্রদান প্রযোজ্য হবে।** এছাড়া বর্তমানে নিয়োজিত / নিয়োগকৃত অফিস সহকারী / নিরাপত্তারক্ষী যাদের চাকুরির বয়স ইতোমধ্যে (৩০/০৬/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত) ৬ মাস বা তার অধিক পূর্ণ হয়েছে তাদের বেলায় সাধারণ (common) নিয়মে ০১/০৭/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ থেকে চাকুরি নিয়মিত প্রযোজ্য হবে। অন্যান্যদের বেলায় যোগদানের তারিখ থেকে যার যখন ৬ (ছয়) মাস পূর্ণ হবে তার তখন চাকুরি নিয়মিতকরন প্রযোজ্য হবে। সেক্ষেত্রে যাদের চাকুরির বয়স ইতোমধ্যে ৬ মাস বা তার অধিক পূর্ণ হয়েছে বা হবে তারা তাদের পদের জন্য নির্ধারিত কর্মী অ্যাপ্রাইজাল ফরম পুরণ করত: যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ সাপেক্ষে তাদের চাকুরি নিয়মিত করা হবে।

খ.১২ সংস্থার নিয়মিত ব্যবস্থাপনা ইউনিট / প্রোগ্রাম বিবেচনায় পদক্ষেপ ইনষ্টিটিউট অব ডেভলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (PIDM), পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং (PPP) এবং প্রমিস ফার্মেসি এন্ড ইজি শপ এর আওতায় বিভিন্ন পদে অনিয়মিত / চুক্তিভিত্তিক হিসেবে কর্মরত কর্মীদের বর্তমান অর্থাৎ জুন, ২০২৩ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে Inflation Adjustment হিসেবে ০১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় প্রদান এবং সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে প্রযোজ্য হারে (০% থেকে ২০% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে। **তবে এসব ব্যবস্থাপনা ইউনিট/প্রোগ্রামের চলতি ২০২৩-২৪ অর্থবছরের বিজনেস প্লানের আলোকে আয়-ব্যয়, বাজেট বরাদ্দ ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি বিশ্লেষণ করে কর্মীদের বেতন সমন্বয় ও বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর করার প্রস্তাবনা স্ব স্ব দপ্তর থেকে নথিতে উত্থাপন পূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রদান প্রযোজ্য হবে।**

খ.১৩ এছাড়া প্রধান কার্যালয়ে বিভিন্ন পদে (অ্যাডভাইজার, লিগ্যাল অ্যাডভাইজার, টেকনিক্যাল কোঅর্ডিনেটর, এস্টেট অফিসার, প্রোগ্রাম অফিসার, ইমাম, গার্ডেনার ও ক্লিনার) নিয়োজিত অনিয়মিত / চুক্তিভিত্তিক কর্মীদের বর্তমান অর্থাৎ জুন, ২০২৩ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে Inflation Adjustment হিসেবে ০১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় প্রদান করা হবে। **তবে এসব পদে নিয়োজিত কর্মীদের বার্ষিক ইনক্রিমেন্ট প্রদানের ক্ষেত্রে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন না করে সংশ্লিষ্ট কর্মীদের আবেদন ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা পূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আলাদাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।**

খ.১৪ প্রোগ্রাম উইং এবং মাইক্রোফিন্যান্স উইংয়ের আওতায় বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের (সমৃদ্ধি, প্রসপারিটি, ECCCP-Flood, IPCP, SEP-Salt, SEP-Street Food, SEP-Handicrafts, Out of School Childrean, VGD, STI and HIV, UPHCSDP-II, RMTP, RAISE প্রভৃতি) আওতায় প্রকল্প মেয়াদে প্রকল্প বাজেটের বিপরীতে নিয়োজিত প্রকল্প কর্মীদের বেলায় এতদ্ সংক্রান্ত বেতন বৃদ্ধি সুবিধা প্রযোজ্য হবে না। **তবে এসব প্রকল্পে দায়িত্ব পালনের জন্য প্রেষণে নিযুক্ত নিয়মিত কর্মীগণ (যদি থাকে), তাদের বেলায় এ বর্ধিত বেতন সুবিধা বর্ণিত নিয়ম অনুসরণ পূর্বক কার্যকর হবে।**

খ.১৫ ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে বেতন কাঠামো পুনর্গঠনের ফলে পে-স্কেলের সব পদের যোগদান ও নিয়মিত সময়কার মাসিক মোট বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বৃদ্ধি পাবার ফলে এসব পদের মূল বা বেসিক বেতনও বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে নিজ পদ অপেক্ষা উচ্চতর পদে ভারপ্রাপ্ত বা ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকারী কর্মীদের ইনচার্জ বা দায়িত্ব ভাতাও বৃদ্ধি পাবে। ফলে বর্তমানে ব্রাঞ্চ ম্যানেজার পদে ভারপ্রাপ্ত বা ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকারী (যদি থাকে) কর্মীদের প্রাপ্ত ইনচার্জ বা দায়িত্ব ভাতা ১,৮৮৬/- টাকা থেকে ১১৩/- টাকা বৃদ্ধি পেয়ে ১,৯৯৯/- টাকা এবং সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) পদে ভারপ্রাপ্ত বা ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকারী (যদি থাকে) কর্মীদের প্রাপ্ত ইনচার্জ বা দায়িত্ব ভাতা ১,৫৯৭/- টাকা থেকে ১১০/- টাকা বৃদ্ধি পেয়ে ১,৭০৭/- টাকা হবে। যা ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে কার্যকর হবে।


+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

খ.১৬ অফিস স্মারক নং পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২১/১১৭৪, তারিখঃ ০৩/০৫/২০২১ খ্রিস্টাব্দ অনুসারে মাঠ পর্যায়ে চুক্তিভিত্তিক/মাষ্টার রোলে নিয়োজিত আয়াদের বেতন বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট ব্যবস্থাপনা ইউনিটের সুপারিশ, বাজেট বরাদ্দ ও আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা পূর্বক যথাযথ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আলাদাভাবে নির্ধারণ করা হয় বিধায় তাদের বেলায় এ বেতন বৃদ্ধি সুবিধা প্রযোজ্য হবে না।

খ.১৭ অত্র সার্কুলার জারি হবার পূর্বে যারা সংস্থা হতে পদত্যাগ করেছেন (পদত্যাগ কার্যকরের তারিখ যাহাই হোক না কেন) তাদেরকে চলতি অর্থবছরের এ বর্ধিত বেতন সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

খ.১৮ কর্মকুশলতার (performacne) সুনির্দিষ্ট নিম্নমান বিবেচনায় নির্দিষ্ট কোন চাকুরের বেলায় এ বর্ধিত বেতন সুবিধা প্রয়োজনে স্থগিত রাখার ক্ষমতা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

গ. **বর্ণিত শর্তাবলী অনুসারে সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ের বিভিন্ন জোন / এরিয়া / ব্রাঞ্চ অফিস এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট সমূহের আওতায় কর্মরত প্রযোজ্য কর্মীদের ২,০০০/- (দুই হাজার) টাকা অথবা ৬% হারে (যেটি বেশি হয়) বেতন সমন্বয় সংক্রান্ত আর্থিক সুবিধা ও এর প্রভাবে ইনচার্জ বা দায়িত্ব ভাতা বৃদ্ধি সংক্রান্ত আর্থিক সুবিধা (Arrear সহ) অত্র অফিস সার্কুলার বলে প্রদান করা যাবে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া যাচ্ছে।**

ঘ. **অপরদিকে, সুনির্দিষ্ট Key Performance Indicator (KPI) এর আলোকে কর্মীদের Yearly Performance মূল্যায়নের ভিত্তিতে প্রযোজ্য হারে (০% থেকে ২০% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান সংক্রান্ত আর্থিক সুবিধা মানব সম্পদ ও প্রশাসন বিভাগ থেকে কর্মীভিত্তিক চিঠি ইস্যু সাপেক্ষে প্রদান প্রযোজ্য হবে।**

ঙ. এছাড়া গত ২০২২-২৩ অর্থবছরের পারফরমেন্সের আলোকে **টপ পারফরমারদের এককালীন পারফরমেন্স বোনাস** প্রদান করা হবে। এতদ্ সংক্রান্ত বিস্তারিত অফিস সার্কুলার পরবর্তীতে ইস্যু করা হবে।

চ. এই অফিস সার্কুলারের বর্ণিত নির্দেশনা প্রতিপালনের সুবিধার্থে কোনরূপ ব্যাখ্যার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ছ. কর্মীদের চলতি ২০২৩-২৪ অর্থবছরের বেতন বৃদ্ধি সংক্রান্ত আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে বর্ণিত শর্তাবলীর কোনরূপ ব্যত্যয় বা অনিয়ম পরিলক্ষিত হলে এবং নিরীক্ষা, তদন্ত বা মনিটরিংকালে এরূপ কোন অনিয়ম বা অসংগতি উদঘাটিত হলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়ম ভেঙ্গে প্রদানকৃত সমুদয় অর্থ দায়ী তত্ত্বাবধায়কদের নিকট থেকে আদায় করা হবে।

**কর্মীদের জীবনযাত্রার ব্যয় নির্বাহের ক্ষেত্রে এ বেতন বৃদ্ধি সহায়ক হবে বিধায় তারা স্বীয় দায়িত্ব প্রতিপালনের প্রতি আরো বেশি অনুপ্রাণিত হবে, যা সংস্থার অভীষ্ঠ লক্ষ্য অর্থাৎ চলতি অর্থবছরের বিজনেস প্লান অর্জনে সহায়ক ভূমিকা রাখবে বলে কর্তৃপক্ষ আশা করে।**

**(মোঃ সালেহ বিন সামস)**
**নির্বাহী পরিচালক**

**অনুলিপি (সদয় অবগতির জন্য)**
**প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।**

**অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)**
১. পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম উইং ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল প্রোগ্রাম / বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট (কার্যার্থে)।
৩. সিনিয়র সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় (**অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য**)।
৪. অফিস কপি।